বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

**BASIC Bank Limited**
(Bangladesh Small Industries and Commerce Bank Limited)
**Head Office**

বেসিক ব্যাংক লিমিটেড
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

মুজিব শতবর্ষ 100

নম্বর: ৫৩.০৯.০০০০.৮০৮.৯৯.০০২.২১.৭৩৬৮
তারিখ: আগস্ট ০৯, ২০২১

সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, বেসিক ব্যাংক লিমিটেড।

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাৎ বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২১' উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচী (সংশোধিত) পরিপালন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই ২৯, ২০২১ তারিখে প্রেরিত উক্ত পত্রে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেডের উদ্যোগে আগস্ট মাসব্যাপী (০১-৩১ আগস্ট ২০২১) পরিপালনীয় কর্মসূচীর বিবরণ সম্বলিত সার্কুলার (সূত্র নং-৫৩.০৯.০০০০.৮০৮.৯৯.০০১.২১.৭১৭৬) জারী করা হয়েছিল।

উল্লেখ্য, উক্ত কর্মসূচীটির আংশিক পরিবর্তন পূর্বক নিম্নোক্ত সংশোধিত আকারে পরিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| ক্রম | গৃহীত কর্মসূচীর বিবরণ | কর্মসূচী পরিপালনের সময়কাল | কর্মসূচী পরিপালনের স্থান/মাধ্যম |
|---|---|---|---|
| ১ | ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক কালো ব্যাজ ধারণ | মাসব্যাপী | প্রধান কার্যালয় এবং সকল শাখা |
| ২ | ব্যাংকের সকল শাখায় ড্রপ-ডাউন ব্যানার যথাযথভাবে ও দৃশ্যমান স্থানে টাঙানো | মাসব্যাপী | সকল শাখা |
| ৩ | ব্যাংকের এলইডি ডিসপ্লে বোর্ডে নিম্নোক্ত শোক-বার্তা ৩টি প্রচার<br>শোকবার্তা ১: 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা'<br>শোকবার্তা ২: 'শোক থেকে শক্তি, শোক থেকে জাগরণ'<br>শোকবার্তা ৩: 'তুমি স্বাধীনতা, তুমিই বাংলাদেশ' | মাসব্যাপী | প্রধান কার্যালয় |
| ৪ | ব্যাংকের প্রধান কার্যালয় ও সকল শাখা কর্তৃক নিকটস্থ শিক্ষা প্রতিষ্ঠান প্রাঙ্গণে কিংবা সুবিধামত স্থানে বনজ, ফলদ ও ঔষধি মিলিয়ে নূন্যতম ২০টি করে সর্বমোট ২০০০টি বৃক্ষের চারা রোপণ। | মাসব্যাপী | প্রধান কার্যালয় এবং সকল শাখা |
| ৫ | ব্যাংকের সকল শাখা কর্তৃক গ্রাহকদের করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং এ বিষয়ে শাখা ও গ্রাহকদের ব্যবসা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে নিম্নলিখিত বার্তা সম্বলিত ব্যানার, স্টিকার টাঙানো/স্থাপন। উপরন্তু এতদবিষয়ক বার্তাসম্বলিত ডিজিটাল ব্যানার/স্টিকার ব্যাংকের সামাজিক যোগাযোগ মাধ্যম এবং নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে প্রচারকরণ।<br>ব্যানার/স্টিকার বার্তা: 'করোনা প্রতিরোধে টিকা নিন, মাস্ক পরিধান করুন এবং যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলুন'<br>---বেসিক ব্যাংক লিমিটেড | মাসব্যাপী | প্রধান কার্যালয় এবং সকল শাখা |
| ৬ | বেসিক ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয় এবং সকল শাখা ভবনে জাতীয় পতাকা যথাযথ মর্যাদায় অর্ধনমিত রাখা। | ১৫ আগস্ট ২০২১ | ব্যাংকের প্রধান কার্যালয় ও সকল শাখা ভবন। |
| ৭ | ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ | ১৫ আগস্ট ২০২১ সকাল ১১:০০ টা | ধানমন্ডি ৩২ নম্বর, ঢাকা (সরকারি সিদ্ধান্তের উপর নির্ভরশীল) |
| ৮ | বেসিক ব্যাংক লিমিটেড, টুঙ্গীপাড়া শাখা কর্তৃক স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন | ১৫ আগস্ট ২০২১ সকাল ১১:০০ টা | টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ (সরকারি সিদ্ধান্তের উপর নির্ভরশীল) |



পৃষ্ঠা ২ দ্রষ্টব্য



Sena Kalyan Bhaban (5th Floor), 195 Motijheel C/A, Dhaka-1000, **Phone:** 02-223359185-186, 9564830, 9568190, 9564829
**SWIFT:** BKSIBDDH, **E-mail:** basicho@citechco.net, **Website:** www.basicbanklimited.com

| ক্রম | গৃহীত কর্মসূচীর বিবরণ | কর্মসূচী পরিপালনের সময়কাল | কর্মসূচী পরিপালনের স্থান/মাধ্যম |
|---|---|---|---|
| ৯ | ব্যাংকের পরিচালনা পর্ষদের সকল সদস্য এবং ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের উপস্থিতিতে বঙ্গবন্ধুর বর্নাঢ্য জীবন, কর্ম ও রাজনৈতিক দর্শনের উপর ভার্চুয়াল আলোচনা সভা | ১৫ আগস্ট ২০২১ বিকেল ৫:০০টা | জুম প্ল্যাটফর্ম |
| ১০ | ব্যাংকের সকল শাখায় দোয়া মাহফিল ও আলোচনা সভা | ১৬ আগস্ট ২০২১ | সকল শাখা |
| ১১ | ব্যাংকের প্রধান কার্যালয়ে অবস্থিত 'বঙ্গবন্ধু কর্ণারে' জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | ১৭ আগস্ট ২০২১ সকাল ১১:০০ টা | প্রধান কার্যালয় |
| ১২ | বেসিক ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের তত্বাবধানে/ব্যবস্থাপনায় ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সন্তানদের অংশগ্রহণে "বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা" বিষয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা | ২৫ আগস্ট ২০২১ | জুম প্ল্যাটফর্ম |
| ১৩ | বেসিক ব্যাংক লিমিটেড এর উদ্দ্যেগে ব্যাংকের প্রধান কার্যালয়, রাজশাহী শাখা ও ফেনী শাখার ব্যবস্থাপনায় মুকিমপুর সিদ্দিকিয়া দারুল উলুম হাফেজিয়া মাদ্রাসা, এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং, নওগাঁ এবং দারুল উলুম রহমানিয়া মাদ্রাসা ও এতিমখানা, সোনাগাজী, ফেনী এ খাদ্য সামগ্রী বিতরণ | ২৬ আগস্ট ২০২১ | ১.মুকিমপুর সিদ্দিকিয়া দারুল উলুম হাফেজিয়া মাদ্রাসা, এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং, নওগাঁ<br>২.দারুল উলুম রহমানিয়া মাদ্রাসা ও এতিমখানা, সোনাগাজী, ফেনী |
| ১৪ | ব্যাংকের প্রধান কাযালয়ে দোয়া মাহফিল ও আলোচনা সভা | ৩১ আগস্ট ২০২১ | প্রধান কার্যালয় |

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে নির্দিষ্ট শারীরিক দূরত্ব নিশ্চিতপূর্বক যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে ব্যাংক কর্তৃক গৃহীত সকল কর্মসূচী যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পরিপালন করতে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে স্বত:স্ফূর্ত অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ. এস. এম. রওশানুল হক
মহাব্যবস্থাপক

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। একান্ত সচিব, চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বেসিক ব্যাংক লিমিটেড।
২। একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড।
৩। সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড।
৪। উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। অধ্যক্ষ, বেসিক ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। সকল শাখা ব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।